

এপ্রিলে স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণ শুরু

- A Monitor Desk Report

Date: 09 March, 2025



ঢাকা: আগামী ১১ এপ্রিল চলমান ভোটার হালনাগাদ কার্যক্রম শেষে ১২ এপ্রিল থেকে নির্বাচন কমিশন (ইসি) স্থগিত থাকা স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণ কার্যক্রম শুরু করবে।

সম্প্রতি অনুষ্ঠিত নির্বাচন কমিশনের মাসিক সমন্বয় সভায় এ সংক্রান্ত নির্দেশনা দেওয়া হয়েছে।

নির্বাচন কমিশন সচিবালয়ের আইডেন্টিফিকেশন সিস্টেম ফর এনহ্যান্সিং একসেস টু সার্ভিসেস (আইডিইএ) প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ আজিজুর রহমান সিদ্দিকী সভায় জানান, ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম চলমান থাকায় স্মার্ট কার্ড বিতরণের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ করা কিছুটা কষ্টসাধ্য হতে পারে। কারণ, অফিসের কারিগরি যন্ত্রপাতিগুলি বর্তমানে হালনাগাদ কার্যক্রমে ব্যবহৃত হচ্ছে। তবে, ১১ এপ্রিলের পর এই কার্যক্রমে গতি আনতে স্মার্ট কার্ড বিতরণে আরও তৎপরতা আনা সম্ভব হবে।

জানা যায়, ২০১৬ সালের ৩ অক্টোবর স্মার্টকার্ড বিতরণ কার্যক্রম শুরু করেও সাড়ে ৮ বছরের বেশি সময় অতিবাহিত হলেও দেশের সব নাগরিকদের স্মার্ট কার্ড তুলে দিতে পারেনি প্রতিষ্ঠানটি।

-B